

## সেদিন দু'জনে যুথিকা বড়ুয়া

এ্যাই, এতরাতে তুমি এখানে? কি করছ?  
তুমি আসবে বলে! সেই সন্ধ্য থেকেই তো তোমার পথ চেয়ে বসে আছি!

চুলগুলি এলোমেলো কেন? এসো, আঁচড়িয়ে সর্পবেণী বেঁধে দিই!  
না: থাক! তোমাকে উন্নত করবো বলেই তো পৃষ্ঠদেশ জুড়ে বিছিয়ে রেখেছি!  
চুলগুলি ভিজে ছিল। তুমি যে ভিজে চুলের আগ নিতে ভীষণ ভালোবাসো!  
আর আমিও তোমার সেই গভীর ভালোবাসায় লীন হয়ে যেতে আরো বেশী ভালোবাসি!

ঠিক আছে, চলো, এই নির্জন নিরিবিলি কদমগাছের স্নিফ্ফ-শীতল ছায়াতলে,  
আমাদের কলকাকলীতে ছুটে আসবে জোনাকীর দল, ওরা ছড়িয়ে দেবে আলো!  
তখন আমরা দু'জন বসে পাশাপাশি, রাশি রাশি মুক্তাবড়া হাসির ঝর্ণায়,  
চম্পল ওষ্ঠের উষ্ণ পরশে পান করবো, অমৃত মধুর প্রেমরস, পোহায়ে নিশি ভোর।  
বুলবো, তোমার এই ঘন পশ্চমাবৃত উষ্ণ বক্ষপৃষ্ঠে মাথা রেখে  
স্বর্গলতার দোলনায়।  
আলতো স্পর্শে তুমি আদর করবে আমায়!  
দেখে মুখ টিপে হাসবে জোনাকীরা।  
আর ঈর্ষায় জ্বলবে, এই বটবৃক্ষের আড়ালে চুপটি করে বসে থাকা  
ঝাঁকে ঝাঁকে তোতা আর ময়নার দল।

হ্ম, হাসছো যে বড়! ওরা দেখবে বলে!  
ইস্ত, ওদের দেখতেই দেবো না!  
তোমার উষ্ণ প্রেমস্পর্শের গহীন সুখানুভূতির অবগাহনে  
আমি জগৎ ভুলে হারিয়ে যাবো এক মায়াময় স্বপ্নের দেশে-  
ডুবে অচৈতন্যে তোমার কোলে।  
জেগে উঠবো, নায়গ্রার প্রবল জল প্রপাতের ঝরবার ঝর্ণার শব্দ তরঙ্গে।  
চেয়ে দেখবো, ক্ষণে ক্ষণে উষ্ণ নিঃশ্বাস ফেলে, উন্মুক্ত অস্তর মেলে,  
মুঞ্চ নয়নে চেয়ে আছো মোর মুখপানে।

কানে কানে বলতে চাইবে, ওগো প্রিয়ে, আমি যে শুধু তোমাকেই পেতে চাই  
একান্ত আপনার করে!

এসো, আমরা দু'জনে গভীর আলিঙ্গনে জড়াই।  
দেহ থেকে নিংড়ে নিই স্বচ্ছ প্রেম এবং অকৃত্রিম ভালোবাসা!

বেশ তো, চলো না! তুমি যে আমাকেই আঁকড়ে ধরে বেঁচে থাকতে চাও,  
শয়নে, স্বপনে, জাগরণে, দিবারাত্রি শুধু আমাকেই পেতে চাও!  
আমার সুকোমল স্পর্শে ভিজে চুপসে যেতে চাও!

কিন্তু আজ তো তুমি আর একা নও প্রিয়! আমি তো আছিই!  
তোমরাই থাকবো চিরদিন!  
কিছু ভেবো না! আমাদের এ বসন্ত চিরকালের, পরকালের, জন্ম-জন্মান্তরের  
কোনদিনও ফুরাবে না।

তোমার চুমুর দাগ? সেটা তো আমার অন্তরের অন্তরঙ্গেই লেগে গিয়েছে!  
কেউ দেখতে পাবে না কোনদিন! রেখে দেবো সংগোপনে, অতি সন্তর্পণে!  
গেঁথে রাখবো, আজকের এই শুভ ভ্যালেন্টাইন'স ডে-র শুভমুহূর্তের  
পরম সুখের স্মৃতি!  
চলো, অনেক রাত হলো! এবার ঘুমোবে চলো!

যুথিকা বড়ুয়া : কানাডার টরোন্ট প্রবাসী লেখক ও সঙ্গীত শিল্পী।  
[guddi\\_2003@hotmail.com](mailto:guddi_2003@hotmail.com)